

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০৬.১৮.৪৯

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৪

০৮ মার্চ ২০১৮

বিষয়: নারায়নগঞ্জ জেলার নারায়নগঞ্জ সদর উপজেলাধীন আদর্শ মহিলা আলিম মাদরাসার সহকারী সুপার (শূণ্য) পদে জনাব বিলকিস সুলতানা (ইনডেক্স নং-২০০৮৩১৬) এর এমপিওকরণ বিষয়ে মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র: সূত্র:(১)অধ্যক্ষ, আদর্শ মহিলা আলিম মাদরাসা এর আবেদন তারিখ:০৩.১২.২০১৭ খ্রি:। (২)উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল এর অফিস,স্মারক নং-

মাউশি/আ,অ/বিবিধ/২০১৬/৭০২২-এ, তা;০১.০২.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে সহকারী সুপার (শূণ্য) পদে জনাব বিলকিস সুলতানা (ইনডেক্স নং-২০০৮৩১৬) এর এমপিও বিষয়ক একখানা আবেদন উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল -এ দাখিল করা হয়।

০২. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল কর্তৃক সূত্রোক্ত ২ নং স্মারকে অধ্যক্ষ এর আবেদনটি মাদরাসা শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন করা হয়।

০৩. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল কর্তৃক অগ্রায়নকৃত আবেদন ও আপবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক তাঁর মাদরাসায় সহ সুপার পদে নিয়োগের নিমিত্ত ডিজি'র প্রতিনিধি চেয়ে এ অধিদপ্তরে আবেদনের প্রেক্ষিতে এ অধিদপ্তর কর্তৃক সকল কাগজ-পত্র যাচায়ান্তে ১৫.০৫.২০১৭ তারিখে ডিজি'র প্রতিনিধি মনোনয়ন দেয়া হয়।

০৪. ডিজি'র প্রতিনিধি প্রাপ্তির পর মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগ সংক্রান্ত সকল কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করে এমপিওভুক্তির জন্য মহোদয়ের দপ্তরে আবেদন করা হয় মর্মে ২ নং স্মারকে উল্লিখিত হয়েছে।

০৫. মহোদয় কর্তৃক জানানো হয়েছে যে, মাদরাসাটি দাখিল পর্যায়ে এমপিওভুক্ত এবং আলিম পর্যায়ে পাঠদানের অনুমতি আছে (আলিম পর্যায়ে এমপিওভুক্তি নেই)।

০৬. বর্ণিত অবস্থার প্রেক্ষিতে আদর্শ মহিলা আলিম মাদরাসায় সহকারী সুপার (শূণ্য) পদে জনাব বিলকিস সুলতানা (ইনডেক্স নং-২০০৮৩১৬) কে সুপার পদে এমপিওভুক্ত করা যাবে কি-না- এ বিষয়ে মহোদয় কর্তৃক এ অধিদপ্তরের নির্দেশনা চাওয়া হয়েছে।

০৭. যেহেতু মাদরাসাটির দাখিল স্তরে এমপিও রয়েছে এবং সহ সুপার (শূণ্য) পদে বিধি মোতাবেক নিয়োগ কার্য সম্পন্ন করা হয়েছে সেহেতু সহ সুপার (শূণ্য) পদে জনাব বিলকিস সুলতানা (ইনডেক্স নং-২০০৮৩১৬) এর এমপিওভুক্তিতে কোন বাধা আছে মর্মে এ অধিদপ্তর মনে করে না।

০৮. এমতাবস্থায় নিয়োগ সংক্রান্ত সকল কার্যক্রম ও কাগজ-পত্র সঠিক থাকা সাপেক্ষে নারায়নগঞ্জ জেলার নারায়নগঞ্জ সদর উপজেলাধীন আদর্শ মহিলা আলিম মাদরাসার সহকারী সুপার (শূণ্য) পদে জনাব বিলকিস সুলতানা (ইনডেক্স নং-২০০৮৩১৬) এর এমপিও প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮-৩-২০১৮

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক

উপ পরিচালক


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০৬.১৮.৪৯/১(৩)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৪
০৮ মার্চ ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল।
- ২) জেলা শিক্ষা অফিসার, নারায়নগঞ্জ।
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নারায়নগঞ্জ



৮-৩-২০১৮

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক